# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িম (রহঃ)

সলাতে চোখ বন্ধ রাখা

সলাতে চোখ বন্ধ রাখা নাবী (ﷺ) এর সুন্নাতের অন্তর্ভুক্ত ছিল না। ইমাম আহমাদ বিন হাম্বাল (রহঃ) এবং অন্যান্য ইমামগণ সলাতে চোখ বন্ধ রাখাকে মাকরুহ বলেছেন। তারা বলেন- এটি হচ্ছে ইহুদীদের অভ্যাস। অন্যরা চোখ বন্ধ রাখাকে জায়েয বলেছেন। সঠিক কথা হচ্ছে চোখ খুললে যদি সলাতে খুশু-খুযুর (একাগ্রতা, মনোযোগ ও একনিষ্ঠতার) কোন ক্ষতি না হয় তাহলে চোখ খুলে রাখাই উত্তম।

তবে কিবলার দিকে যদি চাকচিক্যময় বস্তু থাকে এবং চোখ খোলা রাখার কারণে দৃষ্টি ঐ সব বস্তুর দিকে চলে যাওয়ার কারণে সলাতে একাগ্রতার ক্ষতি হয় তাহলে চোখ বন্ধ রাখাতে কোন দোষ নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3747

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন